

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি কলেজ-৬ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৩৪.০০১.১৭.৯১

তারিখ: ১৫ চৈত্র ১৪২৪

২৯ মার্চ ২০১৮

বিষয়: মৌলভীবাজার জেলার বড়লেখা উপজেলাধীন নারীশিক্ষা একাডেমী ডিগ্রী কলেজে
উচ্চ মাধ্যমিক পর্যায়ে “উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন” বিষয় খোলার অনুমতি
প্রদান।

উপর্যুক্ত বিষয়ে চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, সিলেট এর সুপারিশ
মোতাবেক মৌলভীবাজার জেলার বড়লেখা উপজেলাধীন নারীশিক্ষা একাডেমী ডিগ্রী কলেজে
উচ্চ মাধ্যমিক পর্যায়ে “উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন” বিষয় খোলার অনুমতি প্রদানে নিম্নোক্ত
শর্তে মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তসমূহ:

ক)শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে
পরিচালিত হবে;

খ)আগামী ০১(এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে
উন্নীত করতে হবে;

গ)কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;

ঘ)উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে
বিবেচিত হবে না;

ঙ)সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে;

চ)বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;

ছ)কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে;

জ)ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ ইত্যাদির সাথে সাংঘর্ষিক কোন কার্যক্রম পরিচালনা করা যাবে
না।



২৯-৩-২০১৮

নাছিমা খানম

উপসচিব

ফোন: ৯৫৭৭৪২৫

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, সিলেট।

স্মারক নম্বর:

৩৭.০০.০০০০.০৭০.৩৪.০০১.১৭.৯১/১(৬)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ২) পরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
- ৩) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) সচিব এর একান্ত সচিব (প্রতিকল্প), সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৬) অধ্যক্ষ, নারীশিক্ষা একাডেমী ডিগ্রী কলেজ, বড়লেখা, মৌলভীবাজার।

তারিখ: ১৫ চৈত্র ১৪২৪
২৯ মার্চ ২০১৮



২৯-৩-২০১৮

নাছিমা খানম

উপসচিব